

## 147812 - পুরুষ লোকের দুই হাত ও দুই পায়ে মেহেদী দেয়ার হুকুম

### প্রশ্ন

আমাদের এখানে একটি প্রথা আছে; সেটা হলো একই সময়ে বর ও কনের হাতপায়ে মেহেদী দেয়া। এই কাজের হুকুম কী?

### প্রিয় উত্তর

“কনের হাতপায়ে মেহেদী দেয়ার ক্ষেত্রে আপত্তিকর কিছু আমরা জানি না। এটি বরের সৌজন্যে সাজ করার মধ্যে পড়ে। তবে বর এমন কিছু দিয়ে সাজ করবে না। কেননা এটি নারীদের সাজ ও নারীদের সাথে সাদৃশ্য গ্রহণ; তাই এটি অনুচিত। পুরুষের জন্য নারীদের সাথে সাদৃশ্য গ্রহণ করা জায়েয় নয়— না মেহেদী দিয়ে; আর না অন্য কোন পোশাকআশাকের ক্ষেত্রে। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর থেকে বারণ করেছেন এবং এমন পুরুষকে লানত করেছেন যে লোক মহিলার সাথে সাদৃশ্য গ্রহণ করে এবং এমন মহিলাকে লানত করেছেন যে মহিলা পুরুষের সাথে সাদৃশ্য গ্রহণ করে। তাই এটি জায়েয় নয়।[সমাপ্ত]

মাননীয় শাইখ আব্দুল আয়িয় বিন বায (রহঃ)

ফাতাওয়া নুরুন আলাদ দারব (২/৫৯৯)